

‘শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
পাটগ্রাম, লালমনিরহাট।  
[Email:uwaopatgram52@gmail.com](mailto:Email:uwaopatgram52@gmail.com)

স্মারক নং-৩২.০১.৫৫.৫২৭০.০০১.২৩-৩৩৯

তারিখঃ ০৬/০৮/২০২৩খ্রিঃ

বিষয়ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-১৯১ তারিখঃ ০১/০৮/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই/২০২৩ হতে মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নের জন্য ইউনিয়ন পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি ইউনিয়নে মাসিক বরাদ্দ ০৬ (ছয়) জন। বরাদ্দ মোতাবেক প্রতিমাসের ০১ থেকে ২০ তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে সম্ভাব্য ভাতাভোগীকে আপনার ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে নির্ধারিত ৪০/- টাকা ফি প্রদান করে অনলাইনে আবেদন করতে হবে। ইউনিয়ন কমিটি অনলাইনে আবেদনকৃত তালিকা যাচাই বাছাই পূর্বক প্রতিমাসের ০২ থেকে ২৫ তারিখের মধ্যে বরাদ্দ মোতাবেক প্রাথমিক তালিকা প্রস্তুত পূর্বক কমিটির সভার রেজুলেশনসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করবেন। উপজেলা কমিটি প্রতিমাসের ২৫-৩০ তারিখের মধ্যে যাচাই বাছাই করে তালিকা চূড়ান্ত করবেন। উল্লেখ্য যে, জুলাই/২০২৩খ্রিঃ হতে আবেদনকারীদের ডাটা এন্ট্রি করতে হবে।


নীতিমালা অনুযায়ী ভাতাভোগী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

**ভাতাভোগী হওয়ার আবশ্যিক শর্তাবলীঃ**

- ০১। আবেদন করার সময় আবেদনকারীর ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকতে হবে।
- ০২। এন.আই.ডি কার্ড (জাতীয় পরিচয় পত্র) বাধ্যতামূলক।
- ০৩। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা / পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত কার্ড (এন্টিনেটাল কেয়ার কার্ড) থাকতে হবে।
- ০৪। সুবিধাভোগী মায়ের নিজ নামে মোবাইল/এজেন্ট/অনলাইন ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে।
- ০৫। বয়স ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ০৬। শুধু মাত্র প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।

প্রাপক,  
চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ  
পাটগ্রাম, লালমনিরহাট।

  
(নাছিমা পারভীন)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ)  
পাটগ্রাম, লালমনিরহাট।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
- ০৩। কর্মসূচির পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপপরিচারক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
- ০৫। অফিস কপি।